8:11

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০০.০১৮.৪১.০০০৬.২৫.৪৬০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩ / ১৪ মে ২০২৬

## ভূমিসেবা সহায়তা কেন্দ্র স্থাপনের অনুমতি প্রাপ্তির আবেদন দাখিলের জন্য বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়ের ডিজিটাইজেশন, নলেজ ম্যানেজমেন্ট ও পারফরমেন্স (ডিকেএমপি) অনুবিভাগ, ঢাকা এর ০৭/০৪/২০২৬ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫৭.১১.১৪০.২৩.১৭৭ নং স্মারকে "ভূমিসেবা সহায়তা নির্দেশিকা, ২০২৫" অনুযায়ী নিম্নবর্ণিত ইউনিয়নসমূহে জনবান্ধব ভূমিসেবা সহায়তা প্রদানের লক্ষ্যে অনুমতি গ্রহণে আগ্রহী যোগ্যতা সম্পন্ন ব্যক্তিদের নিকট হতে নির্দিষ্ট ফরমে (ফরম সংযুক্ত) আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পৌরসভা/উপজেলা ভূমি অফিসের নাম | যে সকল ওয়ার্ড বা ইউনিয়নের জন্য প্রযোজ্য (সংখ্যায়) | | সেবার নাম |
|---|---|---|---|---|
| | | | সংখ্যা | |
| ০১ | উপজেলা ভূমি অফিস, লালমনিরহাট সদর | ০১. মোগলহাট ইউনিয়ন<br>০২. কুলাঘাট ইউনিয়ন<br>০৩. মহেন্দ্রনগর ইউনিয়ন<br>০৪. হারাটি ইউনিয়ন<br>০৫. খুনিয়াগাছ ইউনিয়ন<br>০৬. রাজপুর ইউনিয়ন<br>০৭. গোকুন্ডা ইউনিয়ন<br>০৮. পঞ্চগ্রাম ইউনিয়ন | ০৮ | এলএসএফসি |
| ০২ | উপজেলা ভূমি অফিস, আদিতমারী | ০১. পলাশী ইউনিয়ন<br>০২. কমলাবাড়ী ইউনিয়ন<br>০৩. সাপ্টিবাড়ী ইউনিয়ন<br>০৪. সারপুকুর ইউনিয়ন<br>০৫. ভেলাবাড়ী ইউনিয়ন<br>০৬. দুর্গাপুর ইউনিয়ন | ০৬ | |
| ০৩ | উপজেলা ভূমি অফিস, কালীগঞ্জ | ০১. ভোটমারী ইউনিয়ন<br>০২. মদাতী ইউনিয়ন<br>০৩. দলগ্রাম ইউনিয়ন<br>০৪. গোড়ল ইউনিয়ন<br>০৫. চন্দ্রপুর ইউনিয়ন<br>০৬. চলবলা ইউনিয়ন<br>০৭. কাকিনা ইউনিয়ন | ০৭ | |
| ০৪ | উপজেলা ভূমি অফিস, হাতীবান্ধা | ০১. বড়খাতা ইউনিয়ন<br>০২. গড্ডিমারী ইউনিয়ন<br>০৩. সিংগীমারী ইউনিয়ন<br>০৪. টংভাঙ্গা ইউনিয়ন<br>০৫. সিন্দুর্না ইউনিয়ন<br>০৬. পাটিকাপাড়া ইউনিয়ন<br>০৭. ডাউয়াবাড়ী ইউনিয়ন<br>০৮. নওদাবাস ইউনিয়ন | ১১ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫ | উপজেলা ভূমি অফিস, পাটগ্রাম | ০১. [illegible]<br>০২. শ্রীরাপুর ইউনিয়ন<br>০৩. পাটগ্রাম ইউনিয়ন<br>০৪. জগতবেড় ইউনিয়ন<br>০৫. জোংড়া ইউনিয়ন<br>০৬. দহগ্রাম ইউনিয়ন<br>০৭. বুড়িমারী ইউনিয়ন | ০৭ | |
| | | সর্বমোট= | ৩৯ | |

আগ্রহী ব্যক্তিদের আগামী ১৭/০৫/২০২৬ খ্রি. তারিখ হতে ১৮/০৬/২০২৬ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন উল্লিখিত ই-মেইলে (rdclalmonirhat@mopa.gov.bd) তে নির্ধারিত ফরমে আবেদন দাখিলের জন্য বলা হলো। আবেদনের সাথে নিম্নে উল্লিখিত সকল কাগজাদি স্ক্যান করে কপি সংযুক্তি আকারে প্রেরণ করতে হবে। তবে কোন কারণে আবেদনকারী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র কর্তৃপক্ষ দেখতে চাইলে মূল কপি সরবরাহ করতে হবে।

<u>অনুমতিপত্র প্রাপ্তির ক্ষেত্রে আবেদনকারীর যোগ্যতা:</u>

১. ন্যূনতম কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং, ডেটা নিরাপত্তা বিষয়ে জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে। তবে, কম্পিউটার সংশ্লিষ্ট বিষয়ে সরকার স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা বা স্নাতক ডিগ্রিধারীদের বা সরকারি অন্যান্য দপ্তরের অনুরূপ সেবাদানকারী প্রতিষ্ঠান পরিচালনাকারীদের অগ্রাধিকার দেওয়া হবে;

২. কেন্দ্রের মোট সহায়তাকারীদের ন্যূনতম এক তৃতীয়াংশ নারী হতে হবে, তবে অনুচ্ছেদ ১ এ বর্ণিত যোগ্যতাসম্পন্ন নারী সহায়তাকারী না পাওয়া গেলে এ শর্ত শিথিলযোগ্য হবে;

৩. এই নির্দেশিকার অধীনে নিজ ব্যয়ে এলএসএফসি স্থাপনের ও পরিচালনার আর্থিক ও জনবলগত সক্ষমতা থাকতে হবে;

৪. নিজস্ব ভূমি বা চুক্তিমূলে ন্যূনতম ২ বছর মেয়াদে এলএসএফসি স্থাপনের জন্য অন্যূন মোট ৮০ (আশি) বর্গফুট মেঝে সম্পন্ন স্থাপনা প্রয়োজন হবে;

৫. কম্পিউটার/মোবাইল এপ্লিকেশন সফটওয়্যার, ইন্টারনেট ব্রাউজিং বিষয়ে জ্ঞানসম্পন্ন প্রয়োজনীয় সংখ্যক কম্পিউটার কর্মী নিয়োজিত করতে হবে এবং এ ক্ষেত্রে যোগ্যতাসম্পন্ন নারী কম্পিউটার কর্মী নিয়োগে অগ্রাধিকার পাবে;

৬. সহায়তাকারী ও তার নিয়োজিত কম্পিউটার কর্মীগণ কোনভাবেই ফৌজদারি অপরাধে চার্জশিটভুক্ত বা দণ্ডপ্রাপ্ত ব্যক্তি হবেন না;

৭. সহায়তাকারীকে সকল ব্যাংকের মোবাইল ব্যাংকিং বা মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিসের হিসাবভুক্ত হতে হবে। অনুমতি প্রাপ্ত হলে, ইউনিয়ন ও উপজেলা সদরের জন্য ৫০ (পঞ্চাশ) হাজার টাকা ও সকল পৌর এলাকার জন্য ১ (এক) লক্ষ টাকা ফেরতযোগ্য জামানত প্রদানের সক্ষমতা থাকা লাগবে;

৮. এলাকাভেদে উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত হালনাগাদকৃত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৯. কেন্দ্রে বিদ্যুৎ সংযোগ ও ন্যূনতম ১০ এমবিপিএস গতি সম্পন্ন ইন্টারনেট কানেক্টিভিটি এবং বিকল্প বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা থাকতে হবে;

১০. সহায়তাকারীর নিজ নামে ও নিজ এনআইডি এর আওতায় প্রয়োজনীয় সংখ্যক মোবাইল সিম থাকতে হবে;

১১. সরকার অনুমোদিত ডিজিটাল তথ্য নিরাপত্তা সংশ্লিষ্ট বিধি বিধানের অধীনে নাগরিকের উপাত্ত (data) সুরক্ষা বিষয়ে সক্ষমতা থাকতে হবে;

১২. আবেদনকারীকে আবেদনের সাথে আবেদনে বর্ণিত সকল কাগজাদি সংযুক্ত করতে হবে।

... মেয়াদ ও অবসায়ন, আবেদন বাবদ ফি, নবায়ন বাবদ ফি ও সহায়তাকারীর সেবা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট
(রাজস্ব শাখা)
www.lalmonirhat.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০০.০০০.০১৮.৪১.০০০৬.২৫. ৪৬০

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩ / ১৪ মে ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. চেয়ারম্যান (সচিব), ভূমি সংস্কার বোর্ড, ভূমি ভবন, ৯৮- শহীদ তাজউদ্দিন আহমদ সরণি তেজগাঁও, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. উপপরিচালক, স্থানীয় সরকার, লালমনিরহাট।
০৫. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/শিক্ষা ও আইসিটি), লালমনিরহাট
০৬. উপজেলা নির্বাহী অফিসার (সকল), লালমনিরহাট। (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ)
০৭. সহকারী কমিশনার (ভূমি) (সকল), লালমনিরহাট। (ওয়েব পোর্টাল ও নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থাকরণ)
০৮. রেভিনিউ ডেপুটি কালেক্টর, লালমনিরহাট।
০৯. সহকারী প্রোগামার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট। (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদর্শনের ব্যবস্থাকরণ)
১০. অফিস কপি।

১৪/৫/২৬
জেলা প্রশাসক
লালমনিরহাট